



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার খাদ্য অধিদপ্তর সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৭০

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৯

৩১ আগস্ট ২০২২

বিষয: খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজের তালিকা অনুযায়ী খাদ্যশস্য বিতরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ২৭/০৮/২০২২ তারিখের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৪৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে 'ইউনিয়ন ডিজিটাল সেন্টারের' উদ্যোক্তাদের সহায়তায় ভোক্তার তথ্য জাতীয় পরিচয়পত্রের সাথে যাচাইকরণের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের পূর্ণাঞ্চা শুদ্ধ ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। খাদ্য মন্ত্রণালয়ের সূত্রস্থ স্মারকের পত্রে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজের যাচাইকৃত তালিকা অনুযায়ী খাদ্যশস্য বিতরণের অনুমোদন প্রদান করা হয়েছে। আগামী সেপ্টেম্বর/২২ মাস হতে শুরু হতে যাওয়া খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণের ক্ষেত্রে নিয়োক্ত নির্দেশনা প্রদান করা হছেঃ

- (১) এপ্রিল/২২ মাসে চলমান খাদ্যবান্ধব কর্মসুচির সর্বশেষ তালিকা হতে কেবল যাচাইকৃত ভোক্তারাই খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন। ডিজিটাল ডাটাবেজে আপলোডকৃত যেসকল ভোক্তার তথ্য এখনো যাচাই করা হয়নি, তারা যাচাই সাপেক্ষে খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন;
- (২) খাদ্যশস্য উত্তোলনের জন্য যাচাইকৃত ভোক্তাগণ পুরাতন কার্ড ও যাচাই শেষে ইউডিসি হতে প্রদত্ত স্লিপ (নমুনা সংযুক্ত) নিয়ে বিক্রয়কেন্দ্র হতে খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন;
- (৩) সেপ্টেম্বর/২২ মাসব্যাপী যাচাই কার্যক্রম চলমান থাকবে। এ মাসের মধ্যে যাচাই সম্পন্ন করা ভোক্তারা যাচাইয়ের পর সেপ্টেম্বর/২২ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন। বেক্সিমকো কম্পিউটারস লি. এ নিমিত্ত ডাটাবেজের সফটওয়্যার সেপ্টেম্বর/২২ মাসব্যাপী যাচাইকরণের জন্য প্রস্তুত রাখবে;
- (৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ ডিজিটাল ডাটাবেজ হতে যাচাইকৃত ভোক্তার তালিকা প্রিন্ট করে সংরক্ষণ করবেন ও যাচাইকৃত ভোক্তা তালিকা ডিলারগণকে প্রদান করবেন। ডিলারগণ তালিকা মোতাবেক যাচাইকৃত ভোক্তাগণের মধ্যে খাদ্যশস্য বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- (৫) কোন উপজেলায় ডিলার কর্তৃক উত্তোলিত খাদ্যশস্য বিতরণের পর অবশিষ্ট থাকলে তা পরবর্তী মাসের সাথে সমন্বয় করতে হবে;
- (৬) সারাদেশে ভোক্তার তথ্য যাচাই কার্যক্রম শেষে বাতিলকৃত ভোক্তাদের পরিবর্তে নতুন ভোক্তাকে তালিকাভুক্ত করার বিষয়ে যথাসময়ে সংশ্লিষ্টদেরকে অবহিত করা হবে।

এমতাবস্থায়, সেপ্টেম্বর/২২ মাস হতে শুরু হতে যাওয়া খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশাবলি যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

27

৩১-৮-২০২২

তপন কুমার দাস পরিচালক (চলতি দায়িত্ব)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৭০/১(৪৬)

তারিখ: <u>১৬ ভাদ্র ১৪২১</u> ৩১ আগস্ট ১০১১

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৫) জনাব মাহমুদুর রহমান পলাশ, অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার , বেক্সিমকো কম্পিউটারস লিঃ
- ৬) জনাব শরীফ মোহাম্মদ শাহীন, ডেপুটি জেনারেল ম্যানেজার, বেক্সিমকো কম্পিউটারস লিঃ

৩১-৮-২০২২

রিয়াজ মাহমুদ

উপপরিচালক